



মুক্তি পূর্ব অবিলম্বে  
"সঙ্গে... দক্ষতার নিয়ম সেনে কাজ করবে,  
অন্যায় করবে না, অন্যায় হতে দেবে না।"

## বিসিআইসি তালিকাভুক্তি/ তালিকাভুক্তি নবায়নের বিজ্ঞপ্তি



ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ফার্টাইলজার কোঃ লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট কর্তৃক আগামী ২০২০-২০২১ইং ০১ (এক) আর্থিক বৎসরের জন্য একক গ্রুপ ভিত্তিক এবং সকল গ্রুপ ভিত্তিক নিম্নে বর্ণিত গ্রুপের সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনের জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে :- (ক) হার্ডওয়্যার টুলস, মেশিনারীজ, মটর ভেহিক্যাল স্পেয়ারস পার্টস, টায়ার ও টিউব, বিয়ারিং ও সেনিটারী মালামাল (খ) ল্যাবরেটরী কেমিক্যাল এন্ড এ্যাপারেটাস, ঔষধ ও মেডিক্যাল ইকুইপমেন্ট (গ) বৈদ্যুতিক মালামাল (ঘ) প্রিন্টিং, স্টেশনারী, অফিস ইকুইপমেন্ট, উড ও স্টীল ফার্নিচার ও ইউনিফর্মস এন্ড লিভারিজ এবং (ঙ) বিবিধ দ্রব্য। বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট দরখাস্তের ফরম (ক) বিসিআইসি, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা, (খ) বিসিআইসি শাখা অফিস, ০৬, আত্মবাদ বা/এ, চট্টগ্রাম এবং (গ) শাহজালাল ফার্টাইলজার কোঃ লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট হইতে নগদ টাঃ ১০০/= (একশত টাকা) মাত্র (অফেরতযোগ্য) এর বিনিময়ে ৩০/০৬/২০২০ইং তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাইবে। দরখাস্ত অত্র কারখানার মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে ০১/০৭/২০২০ইং তারিখ বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে অবশ্যই দাখিল করিতে হইবে। প্রতি গ্রুপ/ক্যাটাগরির জন্য তালিকাভুক্তি ফি টাকা ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) ও প্রতি গ্রুপের জন্য স্থায়ী জামানত হিসাবে ৮,০০০/= (আট হাজার) টাকা মাত্র (ফেরতযোগ্য) এবং প্রতি গ্রুপের জন্য নবায়ন ফি ২,০০০/= (দুই হাজার) টাকা মাত্র (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে শাহজালাল ফার্টাইলজার কোঃ লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর অনুকূলে পে-অর্ডার/ডিডির মাধ্যমে জমা দিতে হইবে। নির্ধারিত ফরম সংগ্রহ করতঃ যথাযথ দলিলাদি সহ আবেদন করিতে হইবে।

যে সকল প্রতিষ্ঠান ২০১৯-২০২০ইং অর্থ বৎসরের জন্য শাহজালাল ফার্টাইলজার কোঃ লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট-এ তালিকাভুক্ত রহিয়াছে তাহারাই কেবলমাত্র ২০২০-২০২১ইং অর্থ বছরের জন্য তালিকাভুক্তি নবায়ন করিতে চাইলে উক্ত সময়ের মধ্যে নবায়ন ফি সহ তালিকাভুক্তির আবেদন ফরমে যথাযথ দলিলাদি সহ আবেদন করিতে হইবে।

প্রকাশ থাকে যে, জামানতের টাকা, তালিকাভুক্তি ফি, নবায়ন ফি ও যথাযথ প্রয়োজনীয় দলিলপত্র ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

শাহজালাল ফার্টাইলজার কোঃ লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

*Ahmedur*  
09.6.2020

(আহমদুর রহমান)

ব্যবস্থাপক (বাণিজ্যিক)

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

মোবাইলঃ ০১৭৫৪৭৭৪৮৭৫

E-mail: lp@sfcl.gov.bd